

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন  
মুখপাত্র

[www.sec.gov.bd](http://www.sec.gov.bd)

সূত্র নম্বর- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/২২৫

তারিখ: ২০ বৈশাখ ১৪৩৩ বঙ্গাব্দ  
০৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

**প্রেস বিজ্ঞপ্তি**

**বিষয়: কর্পোরেট গভর্নেন্স কোড অনুযায়ী তালিকাভুক্ত কোম্পানিসমূহে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ সংক্রান্ত বিএসইসির সভা।**

গত ২৯ এপ্রিল ২০২৬ তারিখে পূঁজিবাজার নিয়ন্ত্রক সংস্থা বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের সাথে নির্ধারিত সময়ের মধ্যে কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ মোতাবেক তালিকাভুক্ত কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ কোম্পানিসমূহের কোম্পানি সচিবদের একটি সভা অনুষ্ঠিত হয়। সভাটি রাজধানীর আগারগাঁও-এ বিএসইসি'র মাল্টিপারপাস হলে বেলা ১১:০০ ঘটিকায় শুরু হয়। কমিশনের কর্পোরেট গভর্নেন্স ডিপার্টমেন্ট কর্তৃক আয়োজিত উক্ত সভার সভাপতিত্ব করেন বিএসইসির নির্বাহী পরিচালক মোঃ আনোয়ারুল ইসলাম। উক্ত সভায় নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ তালিকাভুক্ত কোম্পানিসমূহের কোম্পানি সচিবগণ উপস্থিত ছিলেন।

উক্ত সভায় কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ অনুযায়ী ব্যবসায়িক উদ্যোক্তা, ব্যবসায়িক সংগঠনের সদস্য, কর্পোরেট লীডার, সরকারী/বেসরকারী বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, সরকারী চাকুরিজীবী (অবসরপ্রাপ্ত/চাকুরিরত), প্রফেশনাল ডিগ্রিধারী, হাইকোর্ট ডিভিশনে নিয়োজিত আইনজীবী পেশায় নিয়োজিত আছেন এমন নারীদেরকে তালিকাভুক্ত কোম্পানিসমূহের পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক হিসেবে নিয়োগ সম্পন্ন করে কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ পরিপালনের অনুরোধ করা হয় এবং আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। ৩০ জুন ২০২৬ এর পরে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ হলে কমিশন ব্যর্থ কোম্পানিসমূহের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করবে মর্মে সভায় বিশেষভাবে অবহিত করা হয়।

উল্লেখ্য, কমিশনের কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ এর শর্ত নং ১(২) (এ) সংশোধনপূর্বক তালিকাভুক্ত কোম্পানিসমূহে একজন নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ বাধ্যতামূলক করে ২৯ এপ্রিল ২০২৪ তারিখে গেজেট প্রকাশিত হয় এবং ০১ (এক) বছরের মধ্যে নিয়োগ সম্পন্ন করার নির্দেশনা প্রদান করা হয়। পরবর্তীতে, কমিশনের সিদ্ধান্ত মোতাবেক তালিকাভুক্ত কোম্পানিসমূহে একজন নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের মেয়াদ ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত বর্ধিত করা হয়। কমিশনের চাহিদার প্রেক্ষিতে ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি তালিকাভুক্ত কোম্পানিসমূহে একজন নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের হালনাগাদ তথ্য কমিশনে দাখিল করেছেন। ঢাকা স্টক এক্সচেঞ্জ পিএলসি কর্তৃক দাখিলকৃত তথ্য অনুযায়ী ১৬৩ টি তালিকাভুক্ত কোম্পানি ইতোমধ্যে পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগ দিয়েছে এবং ১৩১ (এক শত একত্রিশ) টি তালিকাভুক্ত কোম্পানি নির্ধারিত সময়ের মধ্যে কর্পোরেট গভর্নেন্স কোড, ২০১৮ মোতাবেক পরিচালনা পর্ষদে নারী স্বতন্ত্র পরিচালক নিয়োগের শর্ত পরিপালনে ব্যর্থ হয়েছে।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

মোঃ আবুল কালাম  
পরিচালক ও মুখপাত্র

০৬/০৫/২০২৬



